রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৫, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৭

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ই কার্তিক ১৩৯৬/২৪শে অক্টোবর ১৯৮৯

No. S. R. O. ৩৫৮-আইন/৮৯—Notaries Ordinance, 1961 (XIX of 1961) এর section 15 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Notaries Rules, 1964 এ নিম্নবর্ণিত সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর,—

(১) rule 1 এর sub-rule (1) এ "(East Pakistan)" বন্ধনী ও শব্দগুলি বিলুপ্ত হইবে ;

(২) rule 2 clause (b) বিলুপ্ত হইবে ;

(৩) rule 7 এর sub-rule (4) এ "a certificate on payment" শব্দগুলির পরিবর্তে "a certificate in ফরম-১৫ on payment" শব্দ ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৪) rule 8 এর পরে নিম্নরূপ নূতন rule সন্নিবেশিত হইবে, যথা :—

"8A. **Certificate of extension and renewal.**—A permission of extension of area of practice under rule 8 shall be issued in ফরম-১৬ and the renewal of certificate of appointment of a notary under rule 7(4) shall be issued in ফরম-১৭।



মূল্য: ৬০ পয়সা

8B. **Publication of list notaries.**—The list of notaries under section 6 of the Ordinance shall be published in ফরম-১৮ by not later than January each year.";

(৫) rule 9 এ "one hundred rupees", "fifty rupees", "twenty-five rupees", "ten rupees" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "one thousand taka", "two hundred fifty taka", "one hundred taka" এবং "fifty taka" প্রতিস্থাপিত হইবে;

(৬) rule 10 এর পরিবর্তে নিম্নরূপ rule 10 প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(1) Every notary shall charge fees at the rates mentioned below, namely :—

| | | Tk. |
|---|---|---|
| (a) | for noting and instrument— | |
| | if the amount of instrument does not exceed Tk. 20,000 .. | 25 |
| | if it exceeds Tk. 20,000 but does not exceed Tk. 50,000 .. | 50 |
| | if it exceeds 50,000 but does not exceed Tk. 1,00,000 .. | 100 |
| | if it exceeds Tk. 1,00,000 .. | 150 |
| (b) | for protesting and instrument— | |
| | if the amount of instrument does not exceed Tk. 20,000 .. | 50 |
| | if it exceeds Tk. 20,000 but does not exceed Tk. 50,000 .. | 100 |
| | if it exceeds Tk. 50,000 but does not exceed Tk. 1,00,000 .. | 200 |
| | if it exceeds Tk. 1,00,000 .. | 250 |
| (c) | for recording a declaration of payment for honour .. | 20 |
| (d) | for duplicate protes-half the charge of original, | |
| (e) | for verifying, authentication, certifying or attesting the execution of any instrument .. | 20 |
| (f) | for presenting any promissory note, or hundi or bill of exchange for acceptance on payment or demanding better security .. | 50 |
| (g) | for administering oath to, or taking affidavit form, any person .. | 10 |
| (h) | for preparing any instrument intending to take effect in any country or place outside Bangladesh in such form and language as may conform to the law of the place where such deed is intended to operate .. | 250 |

| | | Tk. |
|---|---|---|
| (i) | for attesting or authenticating any instrument intended to take effect in any country or place outside Bangladesh in such form and language as may conform to the law of the place where such deed is intended to operate .. | 100 |
| (j) | for translating and verifying the translation of any ducument from one language into another .. | 100 |
| (k) | for any other notatial act .. | 100 |

*Note*—In addition to the above fees, travelling allowance at the rate of one taka a mile by rail and two taka a mile by road may be charged when the notary is required to attend at any place more than one mile from his office :

Provided that nothing in this note shall apply to a case where the notary is an officer of the Government, in which case rates of travelling allownnces shall be such as are admissible to such officer under the rules applicable to him in this respect.

(2) No notary shall charge any fee for granting a certificate of fitness to a person applying for appointment as a notary.";

(৭) rule 14 এর "return" শব্দগুলির পরে "(ফরম-১৯ এর মাধ্যমে)" বন্ধনী, শব্দ ও সংখ্যাগুলি সন্নিবেশিত হইবে;

(৮) APPENDIX এর,—

(ক) Form I এ "(East Pakistan)" বন্ধনী ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) Form V এ "Rs." শব্দটি দুইবার উল্লিখিত, এর পরিবর্তে "Tk." উভয় স্থানে প্রতিস্থাপিত হইবে;

(গ) Form XIV এর পর নিম্নরূপ Form গুলি সংযোজিত হইবে, যথা :—

"ফরম-১৫

নোটারীরূপে কাজ করার সার্টিফিকেট

[৭(৪) বিধি দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

নং তারিখ..................।

১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ্যাডভোকেট জনাব ..............., পিতা .........

...............................................................................

.................................................................................কে

এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লেখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদন পত্র পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমালায় উল্লেখিত ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরম-১৬

নোটারী কার্য-এলাকা বৃদ্ধির অনুমতি পত্র

(৮এ নং বিধি দ্রষ্টব্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

নং তারিখ.................।

সরকার অত্র মন্ত্রণালয়ের..................তারিখের স্মারকের মাধ্যমে এ্যাডভোকেট জনাব........................, পিতা............... কে নোটারীরূপে কাজ করার জন্য প্রদত্ত সার্টিফিকেটে উল্লেখিত এলাকাসমূহের সহিত.... ........................এলাকা অন্তর্ভুক্ত করিয়া তাহার উক্ত কার্য-এলাকা বর্ধিত করিলেন।

এই কার্য-এলাকা বৃদ্ধির ফলে তাহার কার্য-পরিচালনা সার্টিফিকেটের বৈধতার মেয়াদ বৃদ্ধি হইয়াছে বলিয়া গণ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরম-১৭

মোক্তারীরূপে নিয়োগ সংক্রান্ত সার্টিফিকেট নবায়ন

(৮এ নং বিধি দ্রষ্টব্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

নং তারিখ...............।

সরকার অত্র মন্ত্রণালয়ের................তারিখের নং............... স্মারকে এ্যাডভোকেট জনাব..................., পিতা.................. ......................কে ১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৫(২) নং ধারার বিধান অনুসারে নোটারীরূপে কাজ করার জন্য যে সার্টিফিকেট প্রদান করিয়াছেন তাহা উক্ত সার্টিফিকেটে উল্লেখিত একই মেয়াদ ও শর্তাবলী সাপেক্ষে, আরও ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নবায়ন করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরম-১৮

নোটারীগণের তালিকা

(৮বি নং বিধি দ্রষ্টব্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

নং তারিখ....................।

সরকার ১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৬ ধারার বিধান অনুসারে উক্ত অধ্যাদেশের অধীনে নিযুক্ত নোটারীগণের তালিকা নিম্নবর্ণিত ছকে প্রকাশ করিলেন, যথা :

| ক্রমিক নং। | নোটারীর নাম ও ঠিকানা। | নোটারী হিসাবে কাজ করার প্রত্যায়ন পত্র (সার্টিফিকেট) অর্পণের তারিখ। | নোটারী হিসাবে কাজ করার প্রত্যায়ন পত্র নবায়নের তারিখ। | প্রত্যায়ন পত্রের মেয়াদ শেষ হওয়ার তারিখ। | যে এলাকার জন্য নিযুক্ত সেই এলাকার নাম। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরম-১৯

নোটারীগণ কর্তৃক দাখিলীয় নির্ধারিত বার্ষিক বিবরণ (রিটার্ণ)

(১৪ নং বিধি দ্রষ্টব্য)

নং তারিখ..................।

সচিব,
আইন ও বিচার মন্ত্রণালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, ১৯৬৪ সালের নোটারী বিধিমালার ১৪ নং বিধির বিধান অনুসারে আমি গত বৎসর, অর্থাৎ..............সালে নোটারীরূপে যে সকল কাজ করিয়াছি নিম্নবর্ণিত ছকে উহাদের একটি বিস্তারিত বিবরণ পেশ করিলাম:

| ক্রমিক নং। | মক্কেলের নাম ও ঠিকানা। | যে সকল কাজ করা হইয়াছে সেই কাজের বিবরণ। | আদায়কৃত ফিস | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

নোটারীর স্বাক্ষর :- ..........................

স্থান ও তারিখ :- ..........................”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিচারপতি মোহাম্মদ আবদুল কুদ্দুস চৌধুরী

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌বুবুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।